


শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আওতায় ১১ মে ২০২২খ্রি. তারিখে পরিকল্পনা বিভাগের তদারকি টিম কর্তৃক বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)-এর উন্নয়ন কার্যক্রম পরিদর্শন শেষে প্রদত্ত মন্তব্য ও এর বাস্তবায়ন অগ্রগতি -

সিদ্ধান্ত/মন্তব্য	বাস্তবায়ন অগ্রগতি
(ক) অপচয় রোধে বিআইডিএসের কর্মকর্তা/কর্মচারীদের পানি, বিদ্যুৎ ও গ্যাস ব্যবহার সীমিত রাখার জন্য উদ্বুদ্ধ করা হয়।	পানি, বিদ্যুৎ ও গ্যাস ব্যবহার সীমিত রাখার জন্য কর্মকর্তা/কর্মচারীদের উদ্বুদ্ধকরণ অব্যাহত আছে।
(খ) প্রতিষ্ঠানের কর্মপরিবেশ উন্নয়নে একেজো মালামাল/আসবাবপত্র বিধি মোতাবেক অপসারণ, বিনষ্টকরণ, মেরামতপূর্বক পুনর্ব্যবহার করতে বলা হয়।	বিক্রয়েযোগ্য একেজো মালামাল/আসবাবপত্র ইতোমধ্যে বিধি মোতাবেক বিক্রয় করা হয়েছে। মেরামতযোগ্য আসবাবপত্র মেরামতপূর্বক পুনর্ব্যবহার করা হচ্ছে। এছাড়া বিক্রয় ও মেরামত অযোগ্য আসবাব অপসারণ/বিনষ্ট করা হয়েছে।
(গ) প্রতিষ্ঠানের ‘মাস্টারস ইন ইকোনমিকস’ শীর্ষক প্রকল্পের আওতায় পিআইসি ও পিএসসি সভা বিধি মোতাবেক আয়োজনের ব্যবস্থা করার অনুরোধ জানানো হয়।	‘মাস্টারস ইন ইকোনমিকস’ শীর্ষক প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা বিধি মোতাবেক নিয়মিতভাবে আয়োজন করা হচ্ছে।
(ঘ) বিআইডিএস কর্তৃক পরিচালিত সকল সমীক্ষার তথ্য নিয়মিত ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশনা দেয়া হয়।	সকল সমীক্ষার তথ্য নিয়মিত ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে।
(ঙ) পরিদর্শনকালে দেখা যায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা আওতায় বিআইডিএসের ওয়েবসাইটে সকল তথ্য আপলোড করা হচ্ছে। জরুরী সেবা বক্সসমূহ হালনাগাদ করার পরামর্শ দেয়া হয়।	ওয়েবসাইটে জরুরী সেবা বক্সসমূহ হালনাগাদ করা হয়েছে।
(চ) তথ্য অধিকার (আরটিআই) ও অভিযোগ নিষ্পত্তিকরণ (জিআরএস) কর্নার সর্বদা উন্মুক্ত রাখার পরামর্শ দেয়া হয়েছে।	তথ্য অধিকার ও অভিযোগ নিষ্পত্তিকরণ কর্নার উন্মুক্ত রাখা হয়েছে।
(ছ) পিপিআর মোতাবেক ক্রয় সংক্রান্ত কাজ স্বচ্ছতার সাথে সম্পাদনের জন্য বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ জানানো হয়;	বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক তা ইতঃপূর্বে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
(জ) স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি এবং নিয়মিত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়েছে;	প্রতিষ্ঠানে কর্মীদের মধ্যে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী যথা- ফেস মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ইত্যাদি নিয়মিতভাবে সরবরাহ করা হচ্ছে।
(ঝ) গবেষকদের গবেষণার সুবিধার্থে লাইব্রেরী অটোমেশন করা হয়েছে। গবেষকদের গবেষণার কাজে সর্বাঙ্গিক ও সর্বোচ্চ সুবিধা নিশ্চিত করতে বলা হয়;	গবেষকদের গবেষণার কাজে সর্বাঙ্গিক ও সর্বোচ্চ সুবিধা নিশ্চিত করার প্রক্রিয়া চলমান রয়েছে।
(ঞ) বিআইডিএস এর স্টেকহোল্ডারদের সাথে নিয়মিত সভা/সেমিনার/কর্মশালা আয়োজন এবং গবেষণাপত্র/জার্নাল/ম্যাগাজিন প্রকাশ অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়;	স্টেকহোল্ডারদের সাথে নিয়মিত সভা/সেমিনার/কর্মশালা আয়োজন করা হচ্ছে এবং গবেষণাপত্র/জার্নাল/ম্যাগাজিন প্রকাশ অব্যাহত রয়েছে।
(ট) কর্মকর্তা/কর্মচারীদের বেতন অনলাইনে নিজ নিজ হিসাবে প্রেরণের ব্যবস্থাসহ প্রতি মাসে তাদের বেতনের তথ্য (স্লিপ) সয়ংক্রিয়ভাবে তাদের ই-মেইল একাউন্টে পাঠানোর বিষয়টি নিশ্চিত করতে বলা হয়;	কর্মকর্তা/কর্মচারীদের বেতন প্রতিমাসে অনলাইনে নিজ নিজ হিসাবে প্রেরণ করা হচ্ছে। এছাড়া তাদের বেতনের তথ্য (স্লিপ) সয়ংক্রিয়ভাবে তাদের ই-মেইল একাউন্টে পাঠানো অব্যাহত রয়েছে।
(ঠ) প্রতিষ্ঠানের কর্মীদের প্রভিডেন্ট ফান্ডে তার জমাকৃত অর্থের পরিমাণ জানানোর ব্যবস্থা নিশ্চিত করতে অনুরোধ জানানো হয়;	প্রতিষ্ঠানের তৈরিকৃত সফটওয়্যারের মাধ্যমে কর্মীদের প্রভিডেন্ট ফান্ডে তার জমাকৃত অর্থের পরিমাণ তিনি নিজেই অনলাইনে লগইন করে দেখতে পারছেন।
(ড) প্রতিষ্ঠানের কাজে স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধিতে অনলাইন মনিটরিং সিস্টেমের মাধ্যমে সাইবার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়;	প্রতিষ্ঠানের কাজে স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধিতে অনলাইন মনিটরিং সিস্টেমের মাধ্যমে সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিষ্ঠানের টেকনিক্যাল টিম নিয়মিত কাজ করছে।
(ঢ) প্রতিষ্ঠানের গবেষণা সংক্রান্ত সর্বশেষ তথ্যাবলি সকলকে অবগত করার লক্ষ্যে প্রতি ০৬ (ছয়) মাস অন্তর নিয়মিতভাবে ‘বিআইডিএস’ নিউজ লেটার প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে বলা হয়।	নিউজ লেটার নিয়মিতভাবে প্রকাশ করা হচ্ছে।



(সুবাস চন্দ্র সাহা)
সচিব (চলতি দায়িত্ব)